



ঢাকা পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানি লিমিটেড

DHAKA POWER DISTRIBUTION COMPANY LIMITED

(An Enterprise of the Government of the People's Republic of Bangladesh)

Web site : www.dpdc.gov.bd

Office of the

DGM (ICT), Revenue

Plot-o4, Block-J, Road- 1/A, Madani
Avenue, Baridhara, Dhaka-1212

Phone: +88 02 22221315

E-mail: dgmictr@dpdc.org.bd

স্মারক নম্বর: ৮৭.৫১৫.৪২৮.০০.০০.০০০.২০২২.৪৪৫

তারিখ: ২০/০২/২০২২ খ্রি.

দপ্তরাদেশ

ডিপিডিসি তার নিজস্ব পোর্টাল ব্যবহার করে সকল ধরনের গ্রাহকের বিদ্যুৎ সংযোগের আবেদন অনলাইনে গ্রহণ করে থাকে। পরবর্তীতে ডকুমেন্ট ভেরিফিকেশন, ফিল্ড সার্ভে, লোড অনুমোদন ইত্যাদি ধাপ সম্পন্ন করে গ্রাহকগণকে বিদ্যুৎ সংযোগ প্রদান করে থাকে। বিদ্যুৎ সংযোগের আবেদনের পর গ্রাহকগণের কেবল ওয়্যারিং-এর সঠিকতা যাচাইয়ের লক্ষ্যে বর্তমানে ঠিকাদার প্রতিষ্ঠানের মাধ্যমে ওয়্যারিং ইন্সপেকশনের কাজটি ম্যানুয়ালি সম্পন্ন করা হয়ে থাকে। বার্ষিক কর্মসম্পাদন চুক্তি ২০২১-২০২২ এর আওতায় ই-গভর্নেন্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনার কর্মসম্পাদন সূচক [১.২.১] [একটি সেবা সহজীকৃত] অনুযায়ী সেবা প্রক্রিয়া সহজীকরণের অংশ হিসাবে "নতুন সংযোগ প্রাপ্তিতে অনলাইনে ওয়্যারিং ইন্সপেকশন কার্যক্রম সম্পাদন" কার্যক্রম চালু করেছে। বর্তমানে ডিপিডিসি কর্তৃপক্ষ ঠিকাদার প্রতিষ্ঠানের পরিবর্তে CSS-এর মাধ্যমে নিয়োগকৃত ওয়্যারিং ইন্সপেক্টর দ্বারা ওয়্যারিং ইন্সপেকশন করার সিদ্ধান্ত গ্রহণ করেছে, এর মাধ্যমে সেবাটি সহজীকরণ করা হয়েছে। বর্ণিত কাজটি বাস্তবায়নের জন্য ডিজিএম(আইসিটি), রেভিনিউ কর্তৃক অনলাইন নিউ কানেকশন সিস্টেমে একটি সফটওয়্যার মডিউল প্রস্তুত করা হয়েছে। যার বৈশিষ্ট্যসমূহ নিম্নরূপ:

- গ্রাহক নতুন সংযোগের আবেদন করে সকল ডকুমেন্ট অনলাইনে আপলোড করার পর ডিপিডিসি কর্তৃক সংশ্লিষ্ট এনওসিএস-এ রেজিস্টার্ড ওয়্যারিং ইন্সপেক্টরকে ইন্সপেকশন কাজের জন্য অটোমেটিক বাছাই পূর্বক ওয়্যারিং ইন্সপেক্টরকে একটি এসএমএস প্রদান করা হবে। যেখানে বিদ্যুৎ সংযোগের জন্য আবেদনের ট্র্যাকিং নম্বর এবং সংশ্লিষ্ট তথ্য উল্লেখ থাকবে
- ওয়্যারিং ইন্সপেক্টরকে আবেদনকারীর বিদ্যুৎ সংযোগস্থলে উপস্থিত হয়ে তার মোবাইল ডিভাইসের মাধ্যমে উক্ত সিস্টেম-এ লগইন করে একটি ফর্ম পূরণের মাধ্যমে ওয়্যারিং ইন্সপেকশন এর কাজটি সম্পন্ন করতে হবে
- আবেদনকারীর Main Distribution Board (MDB)-এর একটি ছবি তুলে আবশ্যিকভাবে উক্ত ফর্মের সাথে আপলোড করতে হবে
- ওয়্যারিং ইন্সপেকশন করার সময় মোবাইল ডিভাইসের জিওগ্রাফিক লোকেশন, আইপি এড্রেস, ইন্সপেকশন সময় ইত্যাদি তথ্যাবলী স্বয়ংক্রিয়ভাবে সংগ্রহ করে ডাটাবেসে সংরক্ষণ করা হবে
- ওয়্যারিং ইন্সপেকশন-এর তথ্য ডিপিডিসি'র এমপ্লয়ী কর্তৃক অনলাইন নিউ কানেকশন সিস্টেমের Recommendation ধাপে যাচাই করা হবে
- ওয়্যারিং ইন্সপেকশন-এর কাজটি সম্পন্ন হয়ে গেলে পরবর্তীতে তা এনওসিএস অফিস থেকে রিপোর্ট আকারে দেখার সুযোগ থাকবে।

এমতাবস্থায়, ডিপিডিসি'র CSS চুক্তির আওতাভুক্ত এনওসিএস সমূহে CSS-এর ওয়্যারিং ইন্সপেক্টর কর্তৃক ওয়্যারিং ইন্সপেকশন কার্যক্রমটি দ্রুত বাস্তবায়ন করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হল।

সংযুক্তিঃ প্রসেস ম্যাপ

Hossain
2.0 FEB 2022

এস এম ইমলাক হোসেন


ডিজিএম (আইসিটি), রেভিনিউ
ডিপিডিসি।

Scandiz

অনুলিপি:

- ০১। নির্বাহী পরিচালক (আইসিটি ও প্রকিউরমেন্ট/ অ্যাডমিনিস্ট্রেশন এন্ড এইচআর/ ইঞ্জিনিয়ারিং/ অপারেশন/ অর্থ), ডিপিডিসি।
- ০২। প্রধান প্রকৌশলী, এনওসিএস (উত্তর/দক্ষিণ/সেন্ট্রাল)/ জিএম(আইসিটি/টেক.), আইসিটি, এনার্জি এন্ড মিটারিং, ডিপিডিসি।
- ০৩। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, সকল এনওসিএস/ ডিজিএম(আইসিটি), ডেভেলপমেন্ট, ডিপিডিসি।
- ০৪। সিসিও টু ব্যবস্থাপনা পরিচালক, ডিপিডিসি।
- ০৫। নির্বাহী প্রকৌশলী, সকল এনওসিএস, ডিপিডিসি।
- ০৬। অফিস কপি/ মাস্টার ফাইল।

Present Process Map of DPDC Wiring Inspection




Wiring inspection steps: 6 nos.

Ziauddin
20.02.22
Md. Zia Uddin
Jr. Asst. Manager (ICT)
Office of the DGM (ICT), Revenue
Dhaka Power Distribution Co. Ltd.

Suman
20.02.22
Engr. Suman Sardar
Manager (ICT)
DGM (ICT), Revenue, DPDC.

S M Imlak Hossain
20 FEB 2022
S M Imlak Hossain
DGM(ICT), Revenue, DPDC

Updated Process Map of DPDC Wiring Inspection



Fandiz
20.02.22
Md. Zia Uddin
Jr. Asst. Manager (ICT)
Office of the DGM (ICT), Revenue
Dhaka Power Distribution Co. Ltd.

Suman
20.02.22
Engr. Suman Sardar
Manager (ICT)
DGM (ICT), Revenue, DPDC

Hossain
20 FEB 2022
S M Imlak Hossain
DGM(ICT), Revenue, DPDC